গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল

এবং

জেলা সমবায় কর্মকর্তা, টাঙ্গাইল

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২ – ৩০ জুন, ২০২৩

সূচিপত্র


| | |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০১ |
| প্রস্তাবনা | ০২, ০৩ |
| সেকশন ১ : রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ০৪ |
| সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব | ০৫,০৬ |
| সেকশন ৩ : কর্মসম্পাদন পরিকল্পনা | ০৭ |
| সংযোজনী ১ : শব্দসংক্ষেপ | ০৮ |
| সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ০৯,১০ |
| সংযোজনী ৩ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১১,১২ |
| সংযোজনী ৪ : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | ১৩ |
| সংযোজনী ৫ : ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন  কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | ১৪ |
| সংযোজনী ৬ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | ১৫ |
| সংযোজনী ৭ : সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | ১৬ |
| সংযোজনী ৮ : তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২১-২০২ | ১৭ |

# উপজেলা সমবায় কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র :

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা :

## উপজেলা সমবায় কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল এর সাম্প্রতিক বছর সমূহের (বিগত ০৩ বছর) প্রধান অর্জন সমূহ :

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ৬৫ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ২,৯৮০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ৩৪৮ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ৩০০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যেমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প', এর মাধ্যমে ৪৯৫ সমবায়ীকে ১,৭১৯.৫০ (লক্ষ টাকায়) টাকা ক্রমপুঞ্জিভূত ঋণ প্রদান করা হয়েছে। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৬৮৫ জনের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি প্রকল্পের মাধ্যমে স্বল্লোন্নত গ্রামের জনসাধরণকে সমবায়ী চিন্তা চেতনায় উদ্বুদ্ধ করে প্রায় ২৮ টি গ্রামে ৩১ টি সমবায় সমিতি গঠন করা হয়েছে। সমবায় সমিতি গুলোর মাধ্যমে গ্রামের জনসাধরণ (২৫০০ জন) একত্রিত হয়ে বিভন্ন উন্নয়ন মূলক কর্মকান্ড গ্রহণ করছে। উক্ত প্রকল্পের মাধ্যমে সরকারী সহায়তায় সদস্যদেরকে (৫৮৭ জন) বিভিন্ন ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণ করে সদস্যগণ নিজ নিজ কর্মক্ষেত্রে নিজ নিজ প্রতিভার স্বাক্ষর রাখছে। এছাড়াও 'রূপকল্প ২০২১', 'এসডিজি' অর্জন এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ৭০০ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ :

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে ধনবাড়ী উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে ধনবাড়ি উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। এ উপজেলায় নিবন্ধিত কার্যকর সমবায় এর সংখ্যা প্রায় ২৩০। নানা শ্রেণি ও পেশার মানুষের সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ, আর্থিক ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

## ভবিষ্যৎ কর্মপরিকল্পনা :

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অকার্যকর সমবায় সমিতিগুলোর দ্রুত নিস্পত্তি করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। সেজন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতিসমুহকে পূনকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলা ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা, ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা, আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করা, চলমান দুগ্ধ প্রকল্প ও সিভিডিপি প্রকল্পের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠিকে অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে এবং জীবনযাত্রার মান উন্নয়নে ও ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণে সমবায় অধিদপ্তরে প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে।

## ২০২২-২০২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

০১ টি উৎপাদনমুখি সমবায় সংগঠন করা হবে;
০১ টি মডেল সমিতি সৃজন করা হবে;
১০০ জনকে চাহিদাভিত্তিক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক ১০০% সমবায়ের নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে; ২৫ জন সমবায়ীর সরাসরি ও ৩০০ জন সমবায়ীর আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করা হবে;
এছাড়া প্রকল্পভূক্ত সমবায় সমিতি গুলোর মাধ্যমে ১৫০০ পরিবারের উন্নত জীবনের ব্যবস্থা গ্রহণ করা হবে;

## প্রস্তবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহত করন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরনের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

## উপজেলা সমবায় কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল

## এবং

## জেলা সমবায় কর্মকর্তা, টাঙ্গাইল

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

আমি উপজেলা সমবায় কর্মকর্তা, ধনবাড়ী, টাঙ্গাইল হিসেবে জেলা সমবায় কর্মকর্তা, টাঙ্গাইল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি জেলা সমবায় কর্মকর্তা, টাঙ্গাইল হিসেবে উপজেলা সমবায় কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

উপজেলা সমবায় কর্মকর্তা
ধনবাড়ী, টাঙ্গাইল।

তারিখ : /০৬/২০২২ খ্রি:

জেলা সমবায় কর্মকর্তা
টাঙ্গাইল।

তারিখ : /০৬/২০২২ খ্রি:

সেকশন ১: উপজেলা সমবায় কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision) :

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন

১.২ অভিলক্ষ্য:

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই  সমবায় গড়ে তোলা

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র :

১.৩.১ উপজেলা সমবায় কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে সমবায় গঠন;

২. টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;

৩. সমবায় সংগঠনের সক্ষমতা বৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন;

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র :

১. সুশাসন ও সংস্কারমূলক কাযক্রম জোরদারকরন;

১.৪ কার্যাবলি (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি) (Functions) :

- সমবায় নীতিতে উদ্বুদ্ধকরন ও নিবন্ধন প্রদান;
- সমবায়  নিরীক্ষা, পরিদর্শন ও  তদারকির মাধ্যম সুশাসন প্রতিষ্ঠা করা;
- সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ/উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;
- সমবায় সদস্যবৃন্দকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টিতে সহায়তা করা;
- পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায় ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠন গড়ে তোলা;
- সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;
- সমবায় পন্য ব্র্যান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা;
- অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচী এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সমবায় অধিদপ্তরকে সহযোগিতা করা;

# সংযোজনী ১ : শব্দসংক্ষেপ

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | সিডিএফ | সমবায় উন্নয়ন তহবিল |
| ২ | টিসিভি | টাইম, কস্ট, ভিজিট |
| ৩ | বিসিএ | বাংলাদেশ সমবায় একাডেমী |
| ৪ | আসই | আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট |
| ৫ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্টাটিস্টিক্স |
| ৬ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র |
| ৭ | এজিএম | বার্ষিক সাধারণ সভা |
| ৮ | এসডিজি | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৯ | সিআইজি | কমন ইন্টারেস্ট গ্রুপ |